

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - বিকৃতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৫. ৩. ১২. ঈশ্বরের দাসত্ত্বের পরিবর্তে ঈশ্বরের পুত্রত্ব

ইহুদি পরিভাষায় আল্লাহর সৃষ্টি, আল্লাহর বান্দা ও নেককার বান্দা হিসেবে সকল মানুষ, সকল ইহুদি ও সকল নেককার মানুষের মত যীশুকে 'ইবনুল্লাহ' বা 'আল্লাহর পুত্র' বলা হত। পাশাপাশি অন্যান্য মানুষ ও নবীগণের মতই তাঁকে আল্লাহর বান্দা ও বলা হত। যে সকল স্থানে যীশুকে আল্লাহর বান্দা বা গোলাম বলা হয়েছে সে সকল স্থানে পরবর্তী লিপিকাররা কিছু পরিবর্তন করেছেন। প্রেরিত ৩/১৩ কিং জেমস ভার্শনে নিম্নরূপ: "The God of Abraham, and of Isaac, and of Jacob, the God of our fathers, hath glorified his Son Jesus: ইব্রাহিমের, ইসহাকের ও ইয়াকুবের আল্লাহ, আমাদের পূর্বপুরুষদের আল্লাহ, তাঁর পুত্র সেই ঈসাকে মহিমান্বিত করেছেন।"

কিন্তু রিভাইন্ড স্টান্ডার্ড ভার্শনে কথাটা নিম্নরূপ: "... hath glorified his servant Jesus...: ইব্রাহিমের, ইসহাকের ও ইয়াকুবের আল্লাহ, আমাদের পূর্বপুরুষদের আল্লাহ, তাঁর গোলাম (বান্দা/ দাস) সেই ঈসাকে মহিমান্বিত করেছেন।"

Source — https://www.hadithbd.com/books/link/?id=14240

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন